

ঢাকা ওয়াসা

- ২। ২০২৩-২৪ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
২। পূর্বানুমোদিত দরের কপি।
৬। প্রস্তাবিত কাজের প্রাক্কলন।

Name of Work : মডুস জোন-৬ এর আওতাধীন বিভিন্ন পানির পাম্প কম্পাউন্ড সমূহ ডেঙ্গু মশারবিস্তার/প্রজনন প্রতিরোধে যথাযথভাবে পরিষ্কার/পরিচ্ছন্নতাকরণ কাজ সম্পাদন প্রসঙ্গে।

অনুচ্ছেদ: ১.০

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মডুস জোন-৬ এর আওতাধীন ১৭টি ডিএমএ-তে মোট ১২১টি পাম্প কম্পাউন্ড বিদ্যমান রয়েছে। সাম্প্রতিক সময়ে সারা বাংলাদেশে এডিস মশা বাহিত রোগ ডেঙ্গু জ্বরের প্রাদুর্ভাব অত্যন্ত বৃদ্ধি পেয়েছে। এটি মোকাবেলা করার লক্ষ্যে মডুস জোন-৬ এর সকল পাম্প কম্পাউন্ড পরিষ্কার পরিচ্ছন্ন রাখার জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষের নির্দেশনা রয়েছে। এছাড়া ঢাকা উত্তর/দক্ষিণ সিটি কর্পোরেশন কর্তৃক ভ্রাম্যমান আদালত পরিচালনা করা হচ্ছে। কোন স্থাপনায় এডিস মশা বংশ বিস্তারের উৎস পাওয়া গেলে জরিমানা করা হচ্ছে। মডুস জোন-৬ এর আওতাধীন ১২১টি পানির পাম্পের মধ্যে ২৮টি পানির পাম্পের কম্পাউন্ডে জমে থাকা পানি, আগাছা পরিষ্কার তথা এডিস মশার উৎসস্থল ধ্বংস করার লক্ষ্যে অত্যন্ত জরুরী ভিত্তিতে পাম্পসমূহ পরিষ্কার করা প্রয়োজন। এ লক্ষ্যে পূর্বানুমোদিত দরের ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হল। উপস্থাপিত প্রাক্কলনে টাকার পরিমাণ দাঁড়িয়েছে টা- ৪৭,৬০০/- (সাতচল্লিশ হাজার ছয়শত) টাকা মাত্র। আলোচ্য কাজের ব্যয়ভার মডুস জোন-৬ এর ২০২৩-২৪ইং অর্থবছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার Water Pump House Maintenance, Code No. (01-04-003) খাত এর ক্রমিক নং-৬৪ হতে নির্বাহ করা হবে।

অনুচ্ছেদ: ১.১

এমতাবস্থায়, মডুস জোন-৬ এর আওতাধীন বিভিন্ন পানির পাম্প কম্পাউন্ড সমূহ ডেঙ্গু মশারবিস্তার/প্রজনন প্রতিরোধে যথাযথভাবে পরিষ্কার/পরিচ্ছন্নতাকরণ কাজ সম্পাদন বাবদ সর্বমোট টাঃ ৪৭,৬০০/- (সাতচল্লিশ হাজার ছয়শত) টাকা মাত্র পিপিআর ২০০৮ এর ৭৬/১ (ট) বিধি মোতাবেক ঠিকাদারের সহিত সরাসরি চুক্তি পদ্ধতি (ডিপিএম) এ “মেসার্স এফ. বি এন্টারপ্রাইজ” এর মাধ্যমে সম্পন্ন করার সদয় অনুমোদন দেয়া যেতে পারে।

২৪/০৬/২৪
শাহাদাত হোসেন
উপ-সহকারী প্রকৌশলী
মডুস জোন-৬, ঢাকা ওয়াসা।

২৪/০৬/২৪
কাজী আবু রহমান
সহকারী প্রকৌশলী
মডুস জোন-৬, ঢাকা ওয়াসা।

২৪/০৬/২৪
প্রকৌঃ মোঃ এমরানুল ইসলাম
নির্বাহী প্রকৌশলী
মডুস জোন-৬, ঢাকা ওয়াসা।

২৪/০৬/২৪
মোঃ আব্দুল মজিদ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডুস সার্কেল-১, ঢাকা ওয়াসা।

C.T.

২২ অনুমোদিত।
২৪/০৬/২৪
মুস্তাফিজুর রহমান
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা